

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৯১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি যদি মসজিদে প্রবেশ করে এমন অবস্থায় যে, ইমাম রুকূ' অবস্থায় রয়েছেন, তবে তার জন্য এই রুখসত আছে যে, তিনি একাকী সালাত শুরু করে, তারপর রুকুর সময় কাতারে যুক্ত হবে

ذِكْرُ الرُّخْصَةِ لِلدَّاخِلِ الْمَسْجِدَ وَالْإِمَامُ رَاكِعٌ أَنْ يبتدىء صَلَاتَهُ مُنْفَرِدًا ثُمَّ يَلْحَقَ بِالصَّفِّ عِنْدَ الرُّكُوعِ فيتصل به

## আরবী

2191 \_ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَلِيّ بْنِ الْأَحْمَرِ الصَّيْرَفِيُّ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ الْوَلِيدِ النَّرْسِيُّ قَالَ: حَدَّثَنَا وُهَيْبُ بْنُ خَالِد عَنْ عَنبَسَةَ الْأَعْوَرِ عَنِ الْحَسَنِ: أَنَّ أَبَا بَكْرَةَ الْوَلِيدِ النَّرْسِيُّ قَالَ: حَدَّثَنَا وُهَيْبُ بْنُ خَالِد عَنْ عَنبَسَةَ الْأَعُورِ عَنِ الْحَسَنِ: أَنَّ أَبَا بَكْرَةَ لَخَلَ الْمَسْجِدَ ـ وَالنَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (زَادَكَ الله حرصاً ولا تَعُدْ) فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (زَادَكَ الله حرصاً ولا تَعُدْ) الراوي : الْحَسَن ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1911 ا خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 1912 ا خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (684 ـ 686)).

## বাংলা

২১৯১. হাসান (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, "আবূ বাকরা রাদিয়াল্লাহু আনহু মাসজিদে প্রবেশ করেন এমন অবস্থায় যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেসময় রুকু'তে ছিলেন। তখন তিনিও রুকু' করেন, তারপর হেঁটে গিয়ে কাতারে যুক্ত হন। অতঃপর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, "আল্লাহ তোমার আগ্রহ আরোও বাড়িয়ে দিক। তবে এরকম আর করবে না।"[1]

## ফুটনোট

[1] তাবারানী আস সাগীর: ১০৩০; আবূ দাউদ: ৬৮৪-৬৮৫; সহীহ আল বুখারী: ৭৮৩; আর রওযুন নাযির: ৯২৪; মুসনাদ আহমাদ: ৫/৩৯।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬৮৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হাসান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন